

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩১০

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯) মসজিদে গমণ করা। বিশেষ করে অন্ধকারে এবং তার ফযীলতের বর্ণনা

الترغيب في المشى إلى المساجد سيما في الظلم وما جاء في فضلها

## আরবী

(صحيح) و عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَلَا أَدُلُّكُمْ عَلَى مَا يَمْحُو اللَّهُ بِهِ الْخَطَايَا وَيَرْفَعُ بِهِ الدَّرَجَاتِ قَالُوا بَلَى يَا رَسُولَ اللَّهِ قَالَ أَدُلُّكُمْ عَلَى مَا يَمْحُو اللَّهُ بِهِ الْخَطَايَا وَيَرْفَعُ بِهِ الدَّرَجَاتِ قَالُوا بَلَى يَا رَسُولَ اللَّهِ قَالَ إِسْبَاغُ الْوُضُوءِ عَلَى الْمَكَارِهِ وَكَثْرَةُ الْخُطَا إِلَى الْمَسَاجِدِ وَانْتِظَارُ الصَّلَاةِ بَعْدَ الصَّلَاةِ فَذَلِكُمْ الرِّبَاطُ فَذَلِكُمْ الرِّبَاطُ فَذَلِكُمْ الرِّبَاطُ فَذَلِكُمْ الرِّبَاطُ وَمسلم والترمذي والنسائي وابن ماجه

## বাংলা

৩১০. (সহীহ) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ "আমি কি তোমাদেরকে বলে দিব না, কোন্ কাজ পাপসমূহ মিটিয়ে দেয় ও মর্যাদা বাড়িয়ে দেয়?" তারা বললেন, হ্যাঁ বলুন, হে আল্লাহর রাসূল! তিনি বললেনঃ

"প্রচন্ড ঠান্ডার কন্ট স্বীকার করে পরিপূর্ণরূপে ওযু করা, মসজিদের দিকে বেশী বেশী পদচারণা করা এবং এক সালাতের পর অপর সালাতের জন্য অপেক্ষা করা[1]- এগুলোই হলো তোমাদের জন্য সীমান্ত পাহারা দেয়ার সমতুল্য, এটিই হলো তোমাদের জন্য সীমান্ত পাহারা দেয়ার সমতুল্য, এগুলোই হলো তোমাদের জন্য সীমান্ত পাহারা দেয়ার সমতুল্য।"[2]

(হাদীছটি বর্ণনা করেছেন মালেক ১/১০৬১, মুসলিম ২৫১, তিরমিয়ী ৫১, নাসাঈ ১/৮৯ ও ইবনু মাজাহ ৪২৮) তবে ইবনু মাজার শব্দরুপ এভাবেঃ

أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال كَفَّارَةُ الْخَطَايَا إِسْبَاغُ الْوُضُوءِ عَلَى الْمَكَارِهِ وَإِعْمَالُ الْأَقْدَامِ إِلَى الْمَسَاجِد وَانْتِظَارُ الصَّلَاةِ بَعْدَ الصَّلَاةِ

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ "পাপসমূহ মোচনের মাধ্যম হল, অধিক ঠান্ডায় পরিপূর্ণরূপে ওযু সম্পাদন করা, পদ সমূহকে মসজিদের দিকে চলার কাজে ব্যবহার করা এবং এক সালাতের পর অপর



সালাতের জন্যে ইন্তেযার (অপেক্ষা) করা।"

## ফুটনোট

- [1] . অর্থাৎ পরবর্তী নামাযের সময় ও জামাআতে উপস্থিত হওয়ার অপেক্ষা করা।
- [2] . الرباط এর অর্থঃ নিজেকে কোন সৎ আমলের উপর সর্বদা নিয়োজিত রাখা। আকাজ্গ্রিত বিষয়। সীমান্ত পাহারা দেয়া।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন